

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২১১

পর্ব-২: 'ইলম (বিদ্যা) (کتاب العلم)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصْلُ الْلاَّوَّلُ

আরবী

وَعَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تُقْتَلُ نَفْسٌ ظُلْمًا إِلَّا كَانَ عَلَى ابْنِ آدَمَ الْأُوَّلِ كِفْلٌ مِنْ دَمِهَا لِأَنَّهُ أَوَّلُ مَنْ سَنَّ الْقَتْلَ» . وَسَنَذْكُرُ حَدِيثَ مُعَاوِيَةَ: «لَا يَزَالُ مِنْ أُمَّتِي» فِي بَابِ ثَوَابِ هَذِهِ الْأُمَّةِ إِنْ شَاءَ الله تَعَالَى

বাংলা

২১১-[১৪] ইবনু মাস্'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তিকেই অন্যায়ভাবে হত্যা করা হোক, তার খুনের (গুনাহের) একটি অংশ প্রথম হত্যাকারী 'আদম সন্তানের ওপর বর্তাবে। কারণ সে-ই ('আদমের সন্তান কাবীল) প্রথম হত্যার প্রচলন করেছিল। (বুখারী ও মুসলিম; মু'আবিয়াহ্ (রাঃ)-এর সূত্রে বর্ণিত لَا يَزَالُ مِنْ أُمَّتِيْ হাদীসটি আমি تَوَابِ هِذِهِ الْأُمَّةِ "উদ্মাতের সাওয়াব" অধ্যায়ে উল্লেখ করবো, ইন-শা-আল্লাহ)[1]

ফটনোট

[1] সহীহ : বুখারী ৩৩৩৬, মুসলিম ১৬৭৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: কোন ভালো কাজের প্রচলন করলে প্রচলনকারী পরবর্তী কাজ সম্পাদনকারীর সাওয়াবের মতোই সাওয়াব লাভ করে তেমনিভাবে খারাপ কাজের প্রচলন ঘটালেও প্রচলনকারীর ওপর ঐ কাজের কর্তার পাপের মতো পাপ বর্তাবে। হাদীসে আদম সন্তান কাবীল কর্তৃক হাবীল-কে হত্যা করার ঘটনার দিকে ইঙ্গিত করে এটাই বুঝানো হয়েছে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন